জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থান দিবস উপলক্ষে মেহেরপুরে ক্রীড়া প্রতিযোগিতা

জুলাই-আগস্টের ঐতিহাসিক গণঅভ্যুত্থানের বর্ষপূর্তিকে কেন্দ্র করে মেহেরপুরে অনুষ্ঠিত হয়েছে ক্রীড়া প্রতিযোগিতা। গতকাল মঙ্গলবার সকাল ১০টায় মেহেরপুর জেলা স্টেডিয়াম মাঠে সামাজিক সংগঠন সোশ্যাল ডেভেলপমেন্ট ওয়ার্ক (এসডিডব্লিউ)-এর আয়োজনে এই ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য মাসুদ অরুণ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস।

সংগঠনের সভাপতি এম এ বারী ফারুকের সভাপতিত্বে এবং আব্দুস সাত্তার মুক্তার সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, এসডিডব্লিউ-এর সাধারণ সম্পাদক ইসমাইল হোসেন, সদস্য তুহিন, মীর আব্দুল আলিম বকুলসহ সংগঠনের অন্যান্য সদস্যবৃন্দ।

ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। শিশুদের জন্য ৫০ মিটার দৌড়, মোরগ লড়াই, বিস্কুট দৌড়ের মতো প্রতিযোগিতার পাশাপাশি রিকশা-ভ্যানচালক ও শ্রমিকদের ১০০ মিটার দৌড়, বয়স্কদের হাড়িভাঙ্গা খেলা, সবার জন্য উন্মুক্ত কলা গাছে ওঠা, যেমন খুশি তেমন সাজো এবং প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন ছিল।

চুয়াডাঙ্গায় জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান দিবস

উৎযাপন করলো রোভার

বাংলাদেশ স্কাউটস চুয়াডাঙ্গা জেলা রোভারের আয়োজনে ও চুয়াডাঙ্গা সরকারি কলেজের ব্যবস্থাপনায় শনিবার সকাল দশটায় জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান দিবস উৎযাপন উপলক্ষে জুলাই আন্দোলনে শহিদদের স্মরণে র্যালি,রক্তদান কর্মসূচি, স্বরচিত কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, পোস্টার ও দেয়ালিকা প্রকাশ, জুলাই-আগস্ট আন্দোলনের স্মৃতি নিয়ে চিত্রাঙ্কন,ফটোগ্রাফি ও ভিডিও ফুটেজ প্রদর্শন প্রতিযোগিতা ও বৃক্ষ রোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

দিনব্যাপী প্রোগ্রামে অফিসার অব দা ডে হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা রোভারের সাবেক সম্পাদক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সহকারী কমিশনার(সংগঠন ও বিধি) জাহিদুল হাসান(এএলটি)। দিনব্যাপী এই আয়োজনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক আব্দুর মুর্কিত জোয়ার্দ্দার(এএলটি), চুয়াডাঙ্গা জেলা রোভারের সহকারী কমিশনার(ভূ-সম্পত্তি) ও অধ্যক্ষ নিগার সিদ্দিক ডিগ্রি কলেজ আবু নাসির(উডব্যাজ), চুয়াডাঙ্গা জেলা রোভারের কোষাধ্যক্ষ লিয়াকত আলী(উডব্যাজ), চুয়াডাঙ্গা জেলা রোভারের রোভার স্কাউট লিডার প্রতিনিধি এমদাদ হোসেন(উডব্যাজ), চুয়াডাঙ্গা জেলা রোভারের যুগ্ম সম্পাদক শাফিউল ইসলাম, হেলেনা নাসরিন(উডব্যাজ)।

এছাড়াও চুয়াডাঙ্গা জেলা রোভারের কার্যনির্বাহী কমিটির অন্যান্য সম্মানিত ইউনিট লিডার ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। দিনব্যাপী এ আয়োজনে বিভিন্ন প্রতিযোগিতায় রোভার ও গার্ল ইন রোভার অংশগ্রহণ করেন।

বিভিন্ন প্রতিযোগিতা শেষে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল থেকে প্রেরিত জুলাই আন্দোলন পরবর্তী সময়ে চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্থানে ট্রাফিক সেবাদান কার্যক্রমে অংশগ্রহণকারী রোভার স্কাউট লিডার, রোভার এবং গার্ল ইন রোভারদের মাঝে সনদ বিতরণ করা হয়।

আমাদের সবচেয়ে বড় সম্পদ হচ্ছে যুবশক্তি-জেলা প্রশাসক মো. তৌফিকুর

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. তৌফিকুর রহমান বলেছেন, আমাদের সবচেয়ে বড় শক্তি বা সম্পদ হচ্ছে যুবশক্তি। আমরা যদি এই যুব শক্তিকে সত্যিকার অর্থে কাজে লাগাতে পারি তাহলে আমাদের কাঙ্খিত স্বপ্নের বাংলাদেশ বির্নিমাণ করা অসম্ভব নয়।

আজ বৃহস্পতিবার (২৮নভেম্বর) সকালে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির অডিটোরিয়ামে জেলা প্রশাসনের আয়োজনে কুষ্টিয়ায় ২০২৪ সালের জুলাই-আগস্টে ছাত্র জনতার গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণে অনুষ্ঠিত স্মরণসভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, আমি প্রশাসক নই। আমি আপনাদের ভাই। প্রশাসনের কোন কর্মকর্তাকে আপনাদের শত্রু ভাববেন না। আমি আপনাদের সেবক হিসেবে আপনাদের পাশে থেকে কাজ করতে চাই।

জেলা প্রশাসনের এনডিসি তাফসিরুল হক মুনের সঞ্চালনায় স্মরণ সভায় অন্যান্যের মধ্যে কুষ্টিয়ার পুলিশ সুপার মো. মিজানুর রহমান, যশোর সেনা নিবাসের রওশন আরা রেজিমেন্টের সিও লেঃ কর্নেল মাহবুবুল আলম শিকদার, ৪৭বিজিবি অধিনায়ক মাহবুব মোর্শেদ, কুষ্টিয়া সিভিল সার্জন ডাঃ মোঃ আকুল উদ্দিন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন কুষ্টিয়া জেলা শাখার সদস্য সচিব মুস্তাফিজুর রহমান, আন্দোলনে আহত রাকিবুল হাসান রিংকু, শরিফুল ইসলাম, আন্দোলনে নিহত মো: সবুজের স্ত্রী রেশমা খাতুন প্রমুখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোওয়াত করেন কালেক্টরেট জামে মসজিদের পেশ ইমাম মাওলানা মো: আব্দুস সামাদ।

অনুষ্ঠানের শুরুতে ২০২৪ সালের জুলাই-আগস্টে ছাত্র জনতার গণঅভ্যুত্থানে আহত ও শহিদদের স্মরণে এক মিনিট নিরাবতা পালন করা হয়। অনুষ্ঠানের এক পর্যায়ে ২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্যদের মাঝে জেলা প্রশাসনের পক্ষ থেকে চেক বিতরণ করা হয়।